

বৈজ্ঞানিক নামঃ *Apsylla cistellata*

পরিবারঃ Psyllidae

বর্গঃ Homoptera

এ পোকাকার ক্ষতির নমুনা তাবিজের মতো দেখায় বলে চাঁপাইনবাবগঞ্জের আম চাষীদের কাছে তাবিজ পোকা নামে পরিচিত। স্ত্রী পোকা মার্চ-এপ্রিল মাসে নতুন পাতার নিচের পৃষ্ঠে মধ্য শিরায় দু'লাইনে সুক্ষ ছিদ্র করে ডিম পাড়ে। আক্রান্ত গাছে কোন মুকুল আসে না। আশ্বিনা জাতের আম গাছে এ সমস্যা বেশি দেখা যায়।

#### ক্ষতির লক্ষণঃ

- ডিম থেকে বাচ্চা বের হয়ে শিরার ভিতরে থেকেই পাতার রস চুষে খেতে থাকে।
- এ সময় এক ধরনের রাসায়নিক পদার্থ উৎপন্ন হয় যার প্রভাবে আগস্ট-সেপ্টেম্বর মাসে গাছের নতুন পাতা ও কুঁড়ির বদলে সবুজ রঙের শক্ত ও সূচালো মুখ গল সমূহের (তাবিজ) সৃষ্টি হয়।
- গল বা তাবিজ তৈরী হওয়া আক্রান্ত ডগা শুকিয়ে যায়।



আমের ডগায় বের হওয়া গল

#### দমন ব্যবস্থাপনাঃ

- অক্টোবর থেকে ফেব্রুয়ারি মাসের মধ্যে আক্রান্ত পাতা, গল ও ডগা সংগ্রহ করে পুড়িয়ে ফেলতে হবে অথবা মাটিতে গর্ত করে পুতে ফেলতে হবে।
- গাছ বড় হলে এবং গলের পরিমাণ বেশি হলে ডাল কেটে দিতে হবে।
- জুলাই-আগস্ট মাসে ইমিডাক্লোপ্রিড ২০ এসএল গ্রুপের অনুমোদিত কীটনাশক বা সাইপারমেথ্রিন (৫%) + ডাইমেথয়েট (৪০%) গ্রুপের অনুমোদিত কীটনাশক অনুমোদিত হারে পাতার নিচের পৃষ্ঠে ভালভাবে ভিজিয়ে স্প্রে করতে হবে এবং সেপ্টেম্বর মাসে আরও একবার অনুমোদিত গ্রুপের কীটনাশক অনুমোদিত হারে স্প্রে করতে হবে। [তথ্যসূত্রঃ উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই এবং সমন্বিত বালাই ব্যবস্থাপনার আলোকে ফলের পোকামাকড় ও রোগ ব্যবস্থাপনা প্রকাশনাঃ অক্টোবর/২০১৬]

#### আরও তথ্যের জন্যঃ

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।